



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

প্রশাসনিক ভবন

টেলিফোন: ০৮৮২৫৮৮৮৪৪৯৮১

প্রেস বিজ্ঞপ্তি

তারিখ: ২৬-০৩-২০২৬

পাবিপ্রবিতে গুচ্ছ পদ্ধতির ভর্তি পরীক্ষার যাবতীয় প্রস্তুতি সম্পন্ন

(২৬-০৩-২৬): পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের সমন্বিত গুচ্ছ পদ্ধতির প্রথমবর্ষের স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষার যাবতীয় প্রস্তুতি সম্পন্ন করেছে। আগামীকাল ২৭ মার্চ শুক্রবার 'সি' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠানের মধ্য দিয়ে তিন ধাপের প্রথম ধাপের পরীক্ষা শুরু হবে। ভর্তি পরীক্ষা উপলক্ষে আজ বৃহস্পতিবার সরকারের প্রশাসন ও আইন শৃঙ্খলা বাহিনীর সঙ্গে এক মতবিনিময় সভায় বিশ্ববিদ্যালয় প্রশাসন পরীক্ষার প্রস্তুতির কথা তুলে ধরেন।

সকাল ১১টায় উপাচার্য কার্যালয়ে মাননীয় উপ-উপাচার্য অধ্যাপক ড. মো.নজরুল ইসলামের সভাপতিত্বে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ- জেলা প্রশাসন, পুলিশ প্রশাসনসহ সরকারের আইন শৃঙ্খলা বাহিনীর সঙ্গে এক মতবিনিময় সভা করেন। সভায় বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে পরীক্ষার যাবতীয় প্রস্তুতির তথ্য অবহিত করা হয়। উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. নজরুল ইসলাম জানান, ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের গুচ্ছপদ্ধতির প্রথমবর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষার আওতায় পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় কেন্দ্রে আগামী শুক্রবার সি ইউনিটের (বাণিজ্য) পরীক্ষা অনুষ্ঠিত হবে। বি ইউনিটের (মানবিক) পরীক্ষা আগামী ০৩ এপ্রিল অনুষ্ঠিত হবে। সি ও বি ইউনিটের পরীক্ষা শুধুমাত্র বিশ্ববিদ্যালয় কেন্দ্রে অনুষ্ঠিত হবে। তবে আগামী ১০ এপ্রিল এ ইউনিটের (বিজ্ঞান) পরীক্ষা বিশ্ববিদ্যালয় কেন্দ্র ছাড়াও পাবনা শহরের আরও পাঁচটি কেন্দ্র টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, শহীদ এম মনসুর আলী কলেজ, পাবনা জেলা স্কুল, সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় ও ইমাম গায়যালী স্কুল এন্ড কলেজে অনুষ্ঠিত হবে। সকল পরীক্ষা যথারীতি সকাল ১১ থেকে দুপুর ১২টা পর্যন্ত অনুষ্ঠিত হবে। তবে স্থাপত্য বিভাগের আবেদনকারীদের পরীক্ষা ১০ এপ্রিল বিকাল ৩.০০ মি. থেকে বিকাল ৪.০০ মি. পর্যন্ত অনুষ্ঠিত হবে।

তিনি আরও জানান, পরীক্ষার্থীরা যাতে সহজেই রুম নম্বর চিহ্নিত করতে পারে সেজন্য ব্যবস্থা নেওয়া হয়েছে। সার্বক্ষণিক বিদ্যুৎ সরবরাহ, ফায়ার সার্ভিস এবং সার্বক্ষণিক মেডিকেল টিম থাকবে। পরীক্ষার্থীদের সুবিধার জন্য পরীক্ষা কেন্দ্রের দায়িত্বপ্রাপ্তরা ১৫ মিনিট পরপর সময়ের বিষয়টি উল্লেখ করবেন। পরীক্ষার্থীদের নিজস্ব বহনকারী গাড়ি পার্কিং করা যাবে ক্যালিকো কটন মিল ও তার বিপরীত পাশের মাঠে। অভিভাবকদের জন্য বিশ্ববিদ্যালয়ের নিজস্ব শেডে বসা ও বিশুদ্ধ পানি পানের ব্যবস্থা থাকবে।

জেলা প্রশাসন, পুলিশ প্রশাসনসহ আইন শৃঙ্খলা বাহিনীর পক্ষ থেকে জানানো হয়, পরীক্ষার আগের দিন ফটোকপিয়ার মেশিন বন্ধ থাকবে। পুলিশ প্রশাসন ট্রাফিক ব্যবস্থা নিয়ন্ত্রণ করবেন। ছাত্রাবাসগুলোতে নজরদারী বাড়ানো হবে। আইনশৃঙ্খলা বাহিনীর টাইল বাড়ানো হবে। কোনরকম ডিভাইস কেন্দ্রে নেওয়া যাবে না। পরীক্ষা কেন্দ্রে মেটাল ডিটেক্টর থাকবে। নারী ও পুরুষ পুলিশ সদস্য, আসনার সদস্য ও রোভার স্কাউট থাকবে।

সভায় মাননীয় উপ-উপাচার্য কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. শামীম আহসান, বিভিন্ন অনুষদের ডিন, পরীক্ষা সংশ্লিষ্ট টেকনিক্যাল কমিটি, রেজিস্ট্রার, প্রক্টর, ছাত্র উপদেষ্টা দপ্তরের পরিচালকসহ ভর্তি পরীক্ষা কমিটির সঙ্গে সংশ্লিষ্ট শিক্ষকরা উপস্থিত ছিলেন। সভায় জেলা প্রশাসনের প্রতিনিধি, পুলিশ প্রশাসনের প্রতিনিধিসহ আইনশৃঙ্খলা বাহিনীর প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

সভায় উপাচার্য অধ্যাপক ড.মো. নজরুল ইসলাম বলেন, পরীক্ষা সুষ্ঠু, সুন্দর ও সুশৃঙ্খলভাবে আয়োজনের জন্য আমাদের শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারী, প্রক্টরিয়াল বডি, সরকারের বিভিন্ন আইন শৃঙ্খলা বাহিনী, পরীক্ষার সাথে



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

প্রশাসনিক ভবন

টেলিফোন: ০৮৮২৫৮৮৮৪৪৯৮১

সংশ্লিষ্ট সকল মহল সর্বোপরি পাবনাবাসী সর্বাঙ্গিক সহযোগিতা করছেন। সকলের সহযোগিতায় সুষ্ঠু, সুন্দরভাবে পরীক্ষা সম্পন্ন হবে বলে আমি বিশ্বাস করি।

বার্তা প্রেরক

স্বাক্ষরিত/-

২৬/০৩/২৬

(মোঃ ফারুক হোসেন চৌধুরী)

অতিরিক্ত পরিচালক

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা।

মোবাইল নং:-০১৭১১৯৪২২১২, faruk_kantho@yahoo.com